

- ৩। মন-প্রাণ দিয়াছি যারে, যদি আমারে না মনে করে গো,
তবু আমি যেন তাঁরে পাই ।
আমি পাই যেন তাঁরে, চাই যেন তাঁরে,
তাঁরে ভিন্ন অন্য না চাই ॥
- ৪। তারকচাঁদ কয় হয়ে তুষ্ট যাদব রে,
গুরুচাঁদ জগতের ইষ্ট গো, ভজ শ্রীগুরু গৌঁসাই ।
দেহ হবে সুনির্মল, পাবি প্রেম পরিমল,
ফলাফলের আশায় কিছু নাই ॥
—যাদবচন্দ্র গোস্বামী ঠাকুর



৯৫ নং

তাল—একতালা

- এমন মধুর হরিনামে হল না রুচি ।
নামের হিল্লোল ও কল্লোল অশুচি হল শুচি ॥
- ১। অর্চণ স্মরণ বন্ধন, শ্রবণ হরির নামকীর্তন তাতে অরুচি,
আমি মাৎস্যর্য্য ঐশ্বর্য্য করে, লোভের দোকান পেতেছি ॥
- ২। কাম-ক্রোধে দেহ জ্বারা অহরহ মোহ জ্বারা,
আমি সারা হয়েছি ।
নাই মোর সত্যের সঙ্গ সৎপ্রসঙ্গ, অসঙ্গে ঝাঁপ দিতেছি ॥
- ৩। এমন শুভ-লগ্ন ভঙ্গ করি হয়ে মদে মত্ত করী,
হরিনাম ভুলেছি ।
আমার ঘরের আলো নিভে গেল, হায়-হায় করে ঘুরতেছি ॥